তারিখ 29 AUG 2016
পৃষ্ঠা ২০ কলাম ৪

দৈনিক
জনকণ্ঠ

# যাদের লাশ বাবা-মা নিতে চায় না, তারা হুর-পরী পাবে কিভাবে- প্রশ্ন শিক্ষামন্ত্রীর

**স্টাফ রিপোর্টার, সিলেট অফিস ॥** শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, সন্তানের জন্য মা-বাবার ভালবাসা থেকে আর কিছু বড় হতে পারে না। সেই বাবা-মা জঙ্গী হওয়ার কারণে যে সন্তানের লাশ নিচ্ছে না, আল্লাহ তারে নিয়া বেহেশতে হুর-পরী দেবেন- এত সহজ নাকি? যাদের লাশ বাবা-মা নিতে চায় না, তারা হুর-পরী পাবে কিভাবে? এ সব বিভ্রান্তির বিরুদ্ধে আমাদের সবাইকে সচেতন থাকতে হবে। রবিবার দুপুরে সিলেট সরকারী পাইলট উচ্চ বিদ্যালয়ে এক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

শিক্ষামন্ত্রী আরও বলেন, সকলে মিলে সামাজিক আন্দোলন গড়ে তুলতে হবে, যাতে জঙ্গীবাদ প্রশ্রয় না পায়। কারও সন্তান জঙ্গীবাদে জড়িয়ে পড়লে 'সর্বনাশ হয়ে যাবে' মন্তব্য করে শিক্ষামন্ত্রী বলেন, তখন হা-হুতাশ করা ছাড়া উপায় থাকবে না। এ জন্য বাবা-

(১৯ পৃষ্ঠা ৫ কঃ দেখুন)

## যাদের লাশ বাবা

(২০-এর পৃষ্ঠার পর)

মাকে এ ব্যাপারে সতর্ক থাকতে হবে। শিক্ষামন্ত্রী সিলেট সরকারী পাইলট উচ্চবিদ্যালয়ে নবনির্মিত চারতলা ভবন উদ্বোধন করেন। অনুষ্ঠানে আওয়ামী লীগের কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক মিসবাহ উদ্দিন সিরাজ, সিলেট মহানগর আওয়ামী লীগের সভাপতি বদর উদ্দিন আহমদ কামরান, সিলেট জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শফিকুর রহমান চৌধুরী প্রমুখ উপস্থিত ছিলেন।